

# পোশাক খাতের কর্পোরেট কর কমানো হবে : বাণিজ্যমন্ত্রী

চাকরি পেল বিলুপ্ত ছিটমহলের ২৯ জন

## যুগান্তর রিপোর্ট

বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, পোশাক খাতের কর্পোরেট কর কমানো হচ্ছে। শিগগিরই এ সিদ্ধান্ত ঘোষণা করা হবে। সিদ্ধান্ত অনুযায়ী পোশাক খাতে কর্পোরেট কর হার ৩৫ শতাংশ থেকে ১০ শতাংশে নামিয়ে আনা হবে। বিলুপ্ত ছিটমহলের ২৯ নাগরিককে পোশাক খাতে চাকরির নিয়োগপত্র প্রদান অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সোমবার রাজধানীর পান্থপথে বিজিএমইএ কার্যালয়ে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। বিজিএমইএ অনুষ্ঠানের আয়োজন করে। বর্তমানে পোশাক খাতে মুনাফার ওপর ৩৫ শতাংশ হারে কর্পোরেট কর ধার্য রয়েছে। ২০১৪ সালের জুন পর্যন্ত এ হার ছিল ১০ শতাংশ। আন্তর্জাতিক বাজারে পোশাকের অব্যাহত দর পতনের পরিপ্রেক্ষিতে আগের ১০ শতাংশ হারের মেয়াদ আরও অল্পত ৫ বছর বাড়ানোর দাবি জানিয়ে আসছেন এ খাতের উদ্যোক্তারা। সম্প্রতি অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের সঙ্গে দেখা করে এ বিষয়ে ছাড় চেয়েছেন তারা। কর কমানো হবে বলে তখন অর্থমন্ত্রী উদ্যোক্তাদের আশ্বস্ত করেন। বিজিএমইএ সভাপতি সিদ্দিকুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিলুপ্ত ছিটমহলের ২৯ নাগরিককে বিভিন্ন পোশাক কারখানায় চাকরির নিয়োগপত্র, প্রশিক্ষণ সনদ ও বৃত্তির অর্থ তুলে দেয়া হয়।

বাণিজ্যমন্ত্রী বলেন, রাজনৈতিক স্থিতিশীলতা থাকলে একটি দেশ যে কীভাবে অর্থনৈতিক উন্নয়নের পথে এগিয়ে যায় তার প্রকৃষ্ট উদাহরণ বাংলাদেশ। গতবছরের এপ্রিলের পর থেকে দেশের রাজনৈতিক স্থিতিশীলতায় ব্যবসা-বাণিজ্য স্বাভাবিক নিয়মে চলছে। আন্তর্জাতিক বাজার থেকে সুবিধা আদায় করে দিতে সরকারও কাজ করছে। ফলে এ বছরের রফতানি আয় লক্ষ্যমাত্রা ছাড়িয়ে যাবে বলে আশা করছি। যুক্তরাষ্ট্রের সমালোচনা করে বাণিজ্যমন্ত্রী বলেন, দেশটি কোনো সুবিধা দেয় না। এক সময় অগ্রাধিকারমূলক বাজার সুবিধা (জিএসপি) দিত, তাও বন্ধ করে দিয়েছে। এখন বাংলাদেশের পণ্যে সবচেয়ে বেশি হারে শুল্ক আদায় করে যুক্তরাষ্ট্র। তারপরও যুক্তরাষ্ট্রে রফতানি বাড়ছে।

বিজিএমইএ সভাপতি বলেন, পোশাক খাতে বর্তমানে ২৫ শতাংশ দক্ষ শ্রমিকের অভাব রয়েছে। আর মাত্র চার বছরের মাথায় এ খাতে ৫০ বিলিয়ন ডলারের রফতানি লক্ষ্যমাত্রা অর্জনে অল্পত ৩০ লাখ দক্ষ শ্রমিকের প্রয়োজন। এ বিষয়ে ব্যবস্থা নেয়া প্রয়োজন। বক্তব্যে পোশাক কারখানায় গ্যাস সংযোগ দেয়ার অনুরোধ এবং সরকারের কাছে বিভিন্ন নীতি সহায়তা চান তিনি। অনুষ্ঠানে অন্যদের মধ্যে যুব উন্নয়ন অধিদফতরের মহাপরিচালক আনোয়ারুল করিম, এসইআইপি প্রকল্পের নির্বাহী পরিচালক আবদুর রউফ তালুকদার, বিজিএমইএ সহসভাপতি মোহাম্মদ নাছির। বিজিএমইএর সাবেক সভাপতি মোস্তফা গোলাম কুদ্দুস, বর্তমান কমিটির সহসভাপতি ফারুক হাসান, মাহমুদ হাসান খান বাবু, পরিচালক আশিকুর রহমান তুহিন প্রমুখ উপস্থিত ছিলেন।